

**ছাত্র সংঘর্ষ : ইশ্বরদী কলেজ বন্ধ ঘোষণা**  
পাবনা, ১১ নভেম্বর (ইউএনবি)। - জাতীয়জবান্দী ছাত্রদল ও ছাত্রলীগের (আ-আ) মধ্যে এক সংঘর্ষের প্রেক্ষিতে ইশ্বরদী সরকারী কলেজ আজ অনির্দিষ্টকালের জন্যে বন্ধ ঘোষণা করা হয়েছে। কলেজ ক্যাম্পাসে সংঘটিত এ সংঘর্ষে কমপক্ষে ৬ জন ছাত্র আহত হয়।  
৮-এর পৃঃ ৫-এর কলামে

**কলেজ বন্ধ ঘোষণা**  
প্রথম পৃষ্ঠার পর  
কলেজ সূত্রে বলা হয়, আজকের সংঘর্ষটি ছিলো রোববার পাবনা এডওয়ার্ড-কলেজে প্রতিদ্বন্দী দু'টি ছাত্র সংগঠনের মধ্যে সংঘটিত অপর এক সংঘর্ষের জের। অধিক সংঘর্ষের আশংকা প্রতিরোধে ঘটনার পর পরই কলেজ কর্তৃপক্ষ এ সিদ্ধান্ত গ্রহণ করেন। এদিকে রোববার দুপুর থেকে এ পর্যন্ত শহরে ৩১ ঘন্টাব্যাপী ধর্মঘট পালিও হয়েছে। শহরে রোববারের সংঘর্ষের প্রতিবাদে স্থানীয় ছাত্রলীগ এ ধর্মঘটের ডাক দেয়।  
ছাত্রলীগ সূত্র জানিয়েছে, স্থানীয় প্রশাসনের সঙ্গে ফলপ্রসূ আলোচনার পরিপ্রেক্ষিতে অবিরাম ধর্মঘট প্রত্যাহার করা হয়েছে। গতকাল (রোববার) এডওয়ার্ড কলেজ ও শহরের বিভিন্ন এলাকায় কয়েক দফা সংঘর্ষে ১১ জন নিশসহ কমপক্ষে ৬৬ জন আহত